দৈনিক সংবাদ

MAR. 24 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃঃ ... কলাম ...

### বগুড়ায় শিবিরের মামলা

## ছাত্রলীগের ১৪ জনের নামে গ্রেফতারী পরোয়ানা

**বগুড়া থেকে নিজস্ব সংবাদদাতা ঃ** বগুড়া মেডিকেল কলেজে ককটেল ফাটিয়ে ত্রাস সৃষ্টির অভিযোগে শিবিরের দায়ের করা বিস্ফোরক আইনে মামলায় জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি ও ১৪ জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা ও হুলিয়া জারির আদেশ হয়েছে।

ধার্য তারিখে আদালতে হাজির না হওয়ায় জেলা ও দায়রা জজ রফিকুর রহমান পাটওয়ারী এ আদেশ দেন। মামলায় অভিযুক্ত ২৯ জনের মধ্যে ১৫ জন গত ১১ই মার্চ আদালত থেকে জামিন নিয়েছে। অন্যরা সবাই পলাতক।

শিবির নেতা ইমরুল হাসান বাদি হয়ে এ মামলা করেন। মামলায় তিনি অভিযোগ করেন, গত ২০০০ সালের ১৯শে জুলাই রাত ৯টার দিকে অভিযুক্তরা ওই কলেজে শিবির নেতাকর্মীদের ওপর হামলা, হোস্টেলে অগ্নিসংযোগ, লুটপাটসহ বোমা ও ককটেল হামলা করে।

অভিযুক্তরা হলো- বিলুপ্ত ছাত্রলীগ জেলা শাখার সভাপতি রফি নেওয়াজ খান রবিন, সাধারণ সম্পাদক আবু সুফিয়ান শফিক, ছাত্রনেতা শুভাশিষ পোদ্দার লিটন, সুলতান মাহমুদ রনি, লিটন, রনি চন্দ্র, তরাজুল ইসলাম, আনোয়ার হোসেন, আইয়ুব, রেজাউল করিম, অহিদুজ্জামান, ডা. আলাউদ্দিন, আব্দুল্লাহ আল মামুন ও ডা. মাহবুবুর রহমান।